

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কপিরাইট অফিসের লোক সাংস্কৃতিক অভিব্যক্তি সনাত্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ সংক্রান্ত বিশেষ কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে আগামী ০৮ মার্চ ২০১৮ তারিখের মধ্যে Expiration of Intrest আহ্বান করা হচ্ছে। কাজের বিবরণ নিম্নরূপ :

পরামর্শকের কাজের বিবরণ :

- (১) স্থানীয়ভাবে আইপিআর সোসাইটি গঠনে সহায়তা, সোসাইটির কার্যপরিধি প্রণয়ন এবং সোসাইটির কাজের সুবিধার্থে গাইডলাইন প্রণয়ন।
- (২) স্থানীয়ভাবে তথ্য উপাত্ত সংগ্রহের নিমিত্ত নিয়োজিত গবেষণা সহযোগী (টিসিই)-দের জন্য কার্যপরিধি প্রণয়ন, তথ্য সংগ্রহে প্রশ্নমালা প্রণয়ন, তথ্য-উপাত্ত ও প্রামাণ্যের তালিকা প্রণয়নের নির্দিষ্ট গাইড লাইন প্রণয়ন।
- (৩) সোসাইটির সার্বিক সম্ভাব্য কার্যক্রমের উপর ব্রোশিয়ার ও লিফলেট প্রণয়ন।
- (৪) লোকসাংস্কৃতির জ্ঞান ও অভিব্যক্তির সনাত্তকরণ, সংগ্রহ, মূল্যায়ন এবং সুরক্ষা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সহজপাঠ পুস্তিকা প্রণয়ন।
- (৫) জাদুঘর/সাংস্কৃতিক কেন্দ্র/শিল্পকলা একাডেমিতে সংগৃহীত উপাত্ত সংরক্ষণ ও প্রদর্শন বিষয়ে নির্দেশিকা প্রণয়ন।
- (৬) লোক সাংস্কৃতিক জ্ঞান ও অভিব্যক্তি সম্পর্কিত সার্বিক তথ্য-উপাত্ত ও প্রামাণ্যের খসড়া চূড়ান্তকরণ, শ্রেণিকরণ এবং তালিকা প্রণয়ন।
- (৭) লোকজ সাংস্কৃতিক অভিব্যক্তির মূল্যায়ন, সুরক্ষা ও বাণিজ্যিকিকরণের সকল সম্পর্কিত বিষয়ে কপিরাইট অফিস/মন্ত্রণালয়কে সার্বিক সহায়তা প্রদান এবং বিস্তারিত নির্দেশিকা প্রণয়ন ও সর্বস্তরের জনগণের মাঝে এর গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তা অর্জনের লক্ষ্যে সুনির্দিষ্ট উদ্যোগ ও ভূমিকা রাখার নিমিত্ত সরকারকে পরামর্শ প্রদান।
- (৮) আলোচ্য কর্মসূচির অন্তর্ভুক্ত, সংশ্লিষ্ট সমুদয় বিষয়াদি এবং প্রাথমিক পর্যায়ের কর্মসূচি বাস্তবায়ন উদ্ভূত চ্যালেঞ্জ ও ঘাটতিসমূহ সমাধানের নিমিত্ত পরবর্তী পর্যায়ে করণীয় সম্বলিত স্থায়ীভাবে একটি অধিকতর বাস্তবসম্মত ও সময়োপযোগি বিস্তারিত Action Plan প্রণয়ন এবং TCE-এর বিষয়ে একটি স্থায়ী প্রশাসনিক ও আইনগত ভিত্তি প্রতিষ্ঠার জন্য প্রতিবেদন প্রণয়ন (দ্বিতীয় পর্যায়ের Action Plan যা সারা দেশের জন্য প্রযোজ্য হবে)।
- (৯) গবেষণা সহযোগী (টিসিই) নির্বাচনে সহায়তাকরণ এবং গবেষণা সহযোগী (টিসিই)-র কাছ থেকে প্রাপ্ত তথ্যসমূহ যাচাই ও পুনর্মূল্যায়ন এবং বিশ্লেষণপূর্বক মতামত প্রদান।
- (১০) গবেষণা সহযোগী (টিসিই) নির্বাচন করে কপিরাইট অফিসে নিয়োগের সুপারিশ করা (কর্মসূচি গৃহিত হওয়ার ০২ মাসের মধ্যে)।
- (১১) কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন, প্রতি তিন মাস অন্তর কপিরাইট রেজিস্ট্রারের মাধ্যমে মন্ত্রণালয়ের নিকট প্রদান।
- (১২) কর্মসূচির মেয়াদ কাল শেষে কর্মসূচির বাস্তবায়নের উপর একটি সার্বিক প্রতিবেদন মন্ত্রণালয়ের নিকট প্রদান করা।

উল্লেখ্য, পারিশ্রমিক ও মেয়াদকাল আলোচনা সাপেক্ষে নির্ধারন করা হবে।

রেজিস্ট্রার অফ কপিরাইট

ফোন : ৯১১৯৬৩২ (অফিস)

copyrightoffice_bangladesh@yahoo.com